যুগান্তর

তারিখ ... 10 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩ ...

# "মেধাবী শিক্ষক চাই"

মো. ইউনুছ আলী

মাননীয় শিক্ষামন্ত্রী ও এনটিটিকে ধন্যবাদ— স্কুল ও কলেজে শিক্ষক নিয়োগের নতুন নিয়ম চালু করার জন্য। এতদিন মেধাবী ছাত্রছাত্রীরা কষ্টে ছিল। আশা করি, বর্তমানে সেই কষ্টটা থাকবে না; যদি সত্যিই উপজেলা, জেলা বা যে কোনো ধরনের কোটা না থাকে। একটি প্রতিষ্ঠানে যতগুলো আবেদন পড়বে, তার মধ্যে যে প্রথম হবে তাকে নিয়োগের ব্যবস্থা করতে হবে। এখানে যেন জেলা বা উপজেলা কোটা না থাকে। আর যদি জেলা বা উপজেলা কোটা থাকে তাহলে মেধাবীরা কোনোদিনও নিয়োগ পাবে না। যদি কোটা থাকে তাহলে পূর্বের আর বর্তমানের মধ্য পার্থক্য কোথায়? লিখিত বিষয়ে আমার ৭০ নম্বর আছে। কিন্তু দুঃখের বিষয়, আমার উপজেলায় অনেক প্রতিষ্ঠানে পদ খালি থাকলেও তারা চাহিদা দেয়নি। তাই আমার উপজেলায় আমার বিষয়ে কোনো শূন্য পদ নেই। আমি অন্যান্য উপজেলার স্কুলে মোট ১০টি আবেদন করেছি এবং এতে আমার মোট খরচ হয়েছে ২ হাজার ৫০০ টাকা। একইভাবে ১০টি কলেজে আবেদন করেছি। সেখানেও ২ হাজার ৫০০ টাকা খরচ হয়েছে। আমার প্রশ্ন, সর্বোচ্চ নম্বর পেয়েও আমি কেন অন্য উপজেলায় নিয়োগ পাব না? আর যদি উপজেলা কোটা বহাল থাকে তাহলে কেন বলা হল— বাংলাদেশের যে কোনো প্রান্তে আবেদন করা যাবে? আর কোনো কোটা পদ্ধতির কাছে মেধাবী ছাত্রছাত্রীদের যেন হার মানতে না হয়, মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এটাই আমাদের আবেদন

*ইংরেজি বিভাগ, এমএম কলেজ, যশোর*